চবির হলে অবৈধভাবে অবস্থান নেওয়া ২৩ শিক্ষার্থীর পরিচয়পত্র জব্দ

নিউজ ডেক্স: করোনাকালে বন্ধ থাকা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) চারটি আবাসিক হলে তল্লাশি চালিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এসময় অবৈধভাবে হলে অবস্থান নেওয়া ২৩ শিক্ষার্থীর পরিচয়পত্র জব্দ করা হয়।

সোমবার (৮ ফেব্রুয়ারি) ভোর সাড়ে ৬টা থেকে সকাল সাড়ে ৮টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় প্রক্টরিয়াল বডি পুলিশের সহযোগিতায় এ তল্লাশি অভিযান চালায়।

এসময় চবির শাহজালাল হল, শাহ আমানত হল, এ এফ রহমান হল এবং আলাওল হলে তল্লাশি চালানো হয়। তল্লাশির পর এ এফ রহমান হলে ২০ জন ও আলাওল হলে ৩ জন শিক্ষার্থীকে পাওয়া যায়।-বাংলানিউজ

প্রক্টর ড. রবিউল হাসান ভূঁইয়া বলেন, নিয়মিত অভিযানের অংশ হিসেবে চারটি হলে তল্লাশি চালিয়েছি আমরা। অবৈধভাবে হলে অবস্থান নেওয়া শিক্ষার্থীদের পরিচয়পত্র জব্দ করা হয়েছে। তাদেরকে প্রক্টর কার্যালয়ে দেখা করতে বলেছি। প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।